

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
জয়পুরহাট

স্মারক নংঃ ৩২.০১.৩৮০০.০০১.২৫.০০১.১৭-
-----খ্রিঃ।

তারিখঃ-----

মহিলা প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত “জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ ” শীর্ষক কর্মসূচীর আওতায় উপ-পরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট জানুয়ারি ২০২০ হতে মার্চ ২০২০ (তিন) মাস মেয়াদে নিম্ন লিখিত ট্রেডে ভর্তির নিমিত্তে আগ্রহী মহিলাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা
বিউটিফিকেশন কোর্স	অষ্টম শ্রেণি	জানুয়ারি ২০২০ হতে মার্চ ২০২০	২০
আধুনিক দর্জি বিজ্ঞান ও এ্যাম্বয়ডারী	অষ্টম শ্রেণি	জানুয়ারি ২০২০ হতে মার্চ ২০২০	২০
মোবাইল ফোন সার্ভিসিং	অষ্টম শ্রেণি	জানুয়ারি ২০২০ হতে মার্চ ২০২০	২০
মোমবাতি তৈরী	পঞ্চম শ্রেণি	জানুয়ারি ২০২০ হতে মার্চ ২০২০	২০
কাগজের ঠোঙা তৈরী	পঞ্চম শ্রেণি	জানুয়ারি ২০২০ হতে মার্চ ২০২০	২০

নিম্নে প্রার্থীদের যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী প্রদত্ত হলোঃ

- ১। আবেদনকারীর বয়স ১৬ হতে ৪৫ বছরের মধ্যে হতে হবে।
- ২। আবেদনকারীর ট্রেডের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।
- ৩। আবেদনের সাথে নিজ পৌরসভা/ইউনিয়ন চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র দিতে হবে।
- ৪। আবেদনকারী সর্বশেষ বাচ্চার বয়স কমপক্ষে ৫ (পাঁচ) বছর হতে হবে।
- ৫। দুঃস্থ বিধবা, স্বামী পরিত্যক্তা ও অসহায় বেকার মহিলাদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৬। গর্ভবর্তী ও অসুস্থ মহিলাদের আবেদন পত্র গ্রহণযোগ্য নয়।
- ৭। প্রশিক্ষণ গ্রহণের পাশাপাশি দৈনিক হাজিরার ভিত্তিতে সরকার কর্তৃক বরাদ্দ সাপেক্ষে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- ৮। প্রশিক্ষণ কেন্দ্রে প্রতি কর্মদিবসে ১ম শিফট সকাল ৯.৩০ ঘটিকা হতে দুপুর ১.০০ পর্যন্ত এবং ২য় শিফট দুপুর ২.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- ৯। প্রশিক্ষণ কেন্দ্রে কোন প্রশিক্ষণার্থী একই ভাবে ১৫ (পনের) দিন অনুপস্থিত থাকলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই তাকে প্রশিক্ষণ কোর্স হতে বহিস্কার করা হবে।
- ১০। প্রশিক্ষণ কেন্দ্রের আরোপিত সকল নিয়ম কানুন মেনে চলতে হবে।
- ১১। প্রশিক্ষণ কেন্দ্রের অথবা অফিসের কোন নিয়ম কানুন বিরোধী কার্যকলাপে লিপ্ত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই তাকে প্রশিক্ষণ কোর্স হতে বহিস্কার করা হবে।
- ১২। প্রশিক্ষণ গ্রহণকালীন সময়ে বরাদ্দ সাপেক্ষে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা বাবদ জন প্রতি হাজিরার ভিত্তিতে দৈনিক ১০০/- (একশত) টাকা হারে প্রদান করা হবে।

আবেদনকারীকে অত্র কার্যালয় হতে আবেদন ফরম সংগ্রহ পূর্বক ২ (দুই) কপি সত্যায়িত ছবিসহ নিজের নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, বয়স, শিক্ষাগত যোগ্যতা, বৈবাহিক অবস্থা, পেশাসহ উপরে উল্লেখিত শর্তাবলী পূরণে সক্ষম মহিলাগণকে আগামী

..... তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে ফরম জমা দিতে হবে। আবেদনকারীদের সাক্ষাৎকার গ্রহণের তারিখ অত্র কার্যালয় হতে নিজ উদ্যোগে জেনে নিতে হবে। সাক্ষাৎকার গ্রহণের জন্য কোন প্রকার কার্ড ইস্যু করা হবে না এবং কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

(সাবিনা সুলতানা)
উপ-পরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
জয়পুরহাট।

স্মারক নংঃ ৩২.০১.৩৮০০.০০১.২৫.০০১.১৭-
-----স্থিঃ।

তারিখঃ-----

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ হলোঃ

- ১। মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, জয়পুরহাট।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জয়পুরহাট।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর, পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট।
- ৫। উপ-পরিচালক, সমাজসেবা/যুব উন্নয়ন অধিদপ্তর, জয়পুরহাট।
- ৬। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট।
- ৭। নোটিশ বোর্ড (অত্র দপ্তর, জেলা প্রশাসক, সদর উপজেলা, সমাজসেবা, যুব উন্নয়ন অধিদপ্তর), জয়পুরহাট।
- ৮। অফিস কপি।

(সাবিনা সুলতানা)
উপ-পরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
জয়পুরহাট।